# সিলেট বোর্ড-২০১৭

## পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র বিষয় কোড: ২ ৬ ৯

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ একাদশ শ্রেণির ক্লাসে শাহেদ স্যার নাগরিকের অধিকার এবং কর্তব্যের বিষয়ে আলোচনা করেন। পরবর্তী ক্লাসে মুবিন স্যার চাহিদা ও যোগান বিধি নিয়ে আলোচনা করেন। ছাত্ররা উভয়ের ক্লাস মনোযোগের সাথে শোনে। তাদের ধারণা, যদিও দুটি বিষয়ে কিছু পার্থক্য রয়েছে, তবুও সুখী ও সমৃদ্ধ জাতি গঠনে এই দুই শাস্ত্রের তুলনা নেই।

ক. সিভিটাস (Civitas) শব্দের অর্থ কী? ১

খ. জাতি রাষ্ট্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে শাহেদ স্যার কোন বিষয়ে আলোচনা করেছিলেন? উক্ত বিষয়টি অধ্যয়নের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলো কি পরস্পর সম্পর্কিত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২.▶ জনাব সাদিক একটি উন্নয়নশীল দেশের নাগরিক। কিন্তু স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাবে তার দেশে আইনের শাসন সুনিশ্চিত নয়। বর্তমানে জনগণ ও রাজনৈতিক দলগুলো গণতান্ত্রিক উপায়ে সব সমস্যার সমাধান চায়।

ক. আইন কী? ১

খ. দায়িত্বশীলতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব সাদিকের দেশের সমস্যাগুলো তোমার পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সাদিকের দেশে বিদ্যমান সমস্যাগুলো সমাধানে তোমার সুপারিশ ব্যক্ত কর। ৪

৩. ★ বিশ্ব বিখ্যাত ধনী বিল গেটস বৈশ্বিক দারিদ্র্য বিমোচনের জন্য মাইক্রোসফট কোম্পানির মুনাফা হতে ২৮০০ কোটি ডলার একটি দাতব্য প্রতিষ্ঠানে দান করেন। উক্ত প্রতিষ্ঠান পৃথিবীব্যাপী অনেক মানুষকেও প্রশিক্ষণ প্রদান করেন। তার ব্যবসায়িক প্রতিষ্ঠান মাইক্রোসফট দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী এ সকল মানুষকে কর্মে নিয়োগ করে।

ক. আইন কী? ১

https://teachingbd24.com

খ. আইন ও স্বাধীনতার সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত কোন বিষয়টি বিল গেটসকে বিপুল অর্থ দানে উৎসাহিত করেছে? উক্ত বিষয়ের বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়টির সাথে সুশাসনের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪. ▶ পারভীন খাগড়াছড়ির দিঘিনালায় বাস করে। সে ঢাকা মেডিকেল কলেজে ভর্তি হতে চায়। তাই সে অনলাইনে আবেদন করে। তার বাবা ইউনিয়ন তথ্য কেন্দ্র হতে ইন্টারনেটের মাধ্যমে জাতীয় পরিচয়পত্রের ভুল সংশোধন করে। তারা সবাই এসব সুবিধা পেয়ে সুখী। কিন্তু একটি দুর্ঘটনা ঘটল, তার মা ক্রেডিট কার্ড জালিয়াতির মাধ্যমে কিছু টাকা হারায়।

ক. স্বচ্ছতা কী? ১

খ. দ্বি-মুখী যোগাযোগ বলতে কী বোঝায়? ২

গ. কোন ধরনের ব্যবস্থায় উদ্দীপকে উল্লিখিত সুবিধাসমূহ নিশ্চিত করে? উক্ত ব্যবস্থার সুবিধাসমূহ উল্লেখ করে। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যবস্থার প্রতিবন্ধকতাসমূহ দূর করার উপায় বিশ্লেষণ কর। ৪

৫. ★ সম্প্রতি M দেশের একটি গোষ্ঠী ও সংস্থা সংখ্যালঘু রোহিঙ্গা সম্প্রদায়কে অমানবিক অত্যাচার ও নির্যাতন করছে। উক্ত সম্প্রদায়ের লোকেরা আত্মরক্ষার্থে B ও C দেশে আশ্রয় লাভের চেষ্টা করছে। এছাড়া আন্তর্জাতিক সংস্থাগুলো M দেশকে এ সমস্যা সমাধানের তাগিদ দিচ্ছে।

ক. নৈতিক কর্তব্য কী? ১

খ. লালফিতার দৌরাত্ম্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত সংখ্যালঘু রোহিঙ্গা সম্প্রদায় কোন কোন অধিকার থেকে বঞ্চিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত সংখ্যালঘু রোহিঙ্গা সম্প্রদায়ের উপর M রাষ্ট্রের আচরণ মানবাধিকারের সুস্পষ্ট লঙ্ঘন," উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৬. ▶ সুষমা তার বন্ধু লী পেং এর দেশে বেড়াতে যায়। সে দেশের মহাপ্রাচীর দেখে সে ভীষণ মুগ্ধ হয়, আরও বিস্মিত হয় এটা জেনে যে, আইনসভায় সরকারি সিদ্ধান্তের কোন বিরোধিতা নেই। অপরদিকে সুষমার দেশের সরকার যখন ৫০০ ও ১০০০ রুপির নোট বাতিল করে তখন সরকার আইনসভার ভেতরে এবং বাইরে তীব্র সমালোচনার সম্মুখীন হয়।

https://teachingbd24.com

ক. উপদল কী? ১

খ. গণতন্ত্রে চাপ সৃষ্টিকারী গোষ্ঠীর ভূমিকা আলোচনা কর। ২

গ. সুষমা যে দেশে বেড়াতে গিয়েছে, সেখানে কোন ধরনের দলীয় ব্যবস্থা বিদ্যমান— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সুষমার দেশের দলীয় ব্যবস্থার দোষ-গুণ বিশ্লেষণ কর ৪

৭. ★ মিঃ রিচার্ড 'ক' রাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছেন। সেখানে নির্বাচিত গভর্নরের নেতৃত্বে ৩০টি আঞ্চলিক স্বায়ত্তশাসিত সরকার রয়েছে। অপরদিকে মিস ক্যাথি 'খ' রাষ্ট্রের নির্বাচিত প্রধানমন্ত্রী, এদেশেও কিছু প্রদেশ রয়েছে। কিন্তু এই প্রদেশগুলোর সরকার সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন।

ক. রাজতন্ত্র কী? ১

খ. গণভোট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত 'ক' রাষ্ট্রে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান? উক্ত সরকার ব্যবস্থার সুবিধাসমূহ বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত 'ক' ও 'খ' রাষ্ট্রের সরকার ব্যবস্থার তুলনামূলক বিশ্লেষণ কর ৪

৮. ▶ গৌরনদী হাসপাতালে কর্তব্যরত চিকিৎসকের অবহেলায় এক নবজাত শিশুর মৃত্যু হয়। শিশুটির বাবা ঐ ডাক্তারের বিরুদ্ধে মামলা দায়ের করে। গৌরনদী থানার ওসি কামরুল সাহেব অভিযুক্তকে বিধি মোতাবেক গ্রেফতার করে। জেলা জজ শফিকুল ইসলাম সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে অভিযুক্ত ডাক্তারকে শাস্তি প্রদান করেন।

teachingbd24.com

ক. ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির প্রবক্তা কে? ১

খ. যুক্তরাষ্ট্রীয় সরকার বলতে কী বোঝায়? ২

গ. জনাব কামরুল সরকারের কোন বিভাগের সদস্য? উক্ত বিভাগের কার্যক্রম ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, জনাব শফিকের বিভাগের স্বাধীনতা আইনের শাসন নিশ্চিত করে? বিশ্লেষণ কর। ৪

৯. ▶ উমং পার্বত্য চট্টগ্রামের বাসিন্দা। তিনি আইন পেশায় নিয়োজিত আছেন। একদিন তিনি শহর থেকে গ্রামে যাওয়ার পর এলাকার লোকজন তাদের দুঃখ-দুর্দশার কথা জানালেন। এর পর উমং স্থানীয় প্রশাসন থেকে শুরু করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে এসব

সমস্যার কথা জানিয়ে ব্যর্থ হলেন। তারপর তিনি দাবি আদায়ের জন্য এমন একটি সংগঠনে যোগদান করেন, যেটি জনগণের সমাধানের জন্য বৈধ উপায়ে ক্ষমতায় যাওয়ার চেষ্টা করছে।

ক. জনমত কী? ১

খ. রাজনৈতিক সংস্কৃতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত উমং এর সংগঠনের স্বরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ. "সুশাসন প্রতিষ্ঠার জন্য উমং এর মতো যোগ্য ব্যক্তির ভূমিকা অপরিসীম"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০. ★ মুনমুন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পাস করে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নিয়োগপ্রাপ্ত হন। বর্তমানে তিনি মন্ত্রণালয়ের একটি অধিদপ্তরের প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি তাঁর যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে সরকারের মন্ত্রীদের নীতি নির্ধারণের ক্ষেত্রে সহায়তা করেন।

ক. আমলা শব্দটি কোন ভাষা থেকে উদ্ভূত হয়েছে? ১

খ. জনসেবা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত মুনমুনের মত নিয়োগপ্রাপ্তদের একত্রে কী বলা হয়? তাদের বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর। ৩

ঘ. 'উদ্দীপকে বর্ণিত মুনমুনের কাজটি ব্যতীত আরো অনেক কাজ রয়েছে'। ব্যাখ্যা কর। ৪

১১. ▶ নাফিজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। মানুষের নিপীড়ন তাকে দুঃখ দেয়। যখন শত্রুরা ১২০০ মাইল দূর হতে এসে অসহায় মানুষকে আক্রমণ করে, তখন সে শপথ করে "আমি দেশকে মুক্ত করবো।" তাই মাতৃভাষাকে বাঁচাতে, অর্থনৈতিক শোষণ দূর করতে সে যুদ্ধক্ষেত্রে গেল। দেশ স্বাধীন হলো কিন্তু নাফিজ তার মায়ের কাছে ফিরে এলো না।

ক. দেশপ্রেম কী? ১

খ. বংশগত ঐক্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জাতীয়তার কোন কোন উপাদান কার্যকর ছিল? — ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত নাফিজের আত্মত্যাগের কারণটির সাথে জাতীয়তার সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ★ সরকারি চাকরি লাভ কোন ধরনের অধিকার?
ⓚ সামাজিক ⓚ সাংস্কৃতিক
ⓖ রাজনৈতিক ⓘ অর্থনৈতিক

**নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:**
হোসনা গত বছর বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি পাস করে মানবিক বিভাগে এইচএসসিতে ভর্তি হয়। সে পাঠ্য হিসাবে এমন একটি বিষয় বেছে নেয়, যেখানে নাগরিকতার যাবতীয় বিষয় আলোচনা করা হয়। উক্ত বিষয় অধ্যয়নের ফলে তার মধ্যে দায়িত্ব ও কর্তব্য বোধ বৃদ্ধি পায়।

২. উদ্দীপকে বর্ণিত হোসনার নির্বাচিত বিষয়টির নাম কী?
ⓚ সমাজবিজ্ঞান ⓚ পৌরনীতি ও সুশাসন
ⓖ অর্থনীতি ⓘ ইতিহাস

৩. উদ্দীপকে নির্দেশিত বিষয়ের আলোচ্য বিষয় হলো—
i. সমাজের বিকাশ
ii. মানুষের অধিকার ও কর্তব্য
iii. রাষ্ট্র ও সরকার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৪. অন লাইনে আয়কর প্রদানে কোন প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে?
ⓚ ইলেকট্রনিক প্রযুক্তি ⓚ ইন্টারনেট প্রযুক্তি
ⓖ ট্র্যাকিং সিস্টেম ⓘ এস, এম, এস

৫. ইলেকট্রনিক পদ্ধতিতে আয়কর প্রদানের ফলে—
i. আমলাতান্ত্রিক জটিলতা বৃদ্ধি পাবে
ii. সেবার মান বাড়বে
iii. সময়ের অপচয় রোধ করা সম্ভব হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৬. ★ বাবা-মা ও শিক্ষককে শ্রদ্ধা করা কী ধরনের কর্তব্য?
ⓚ সামাজিক ⓚ নৈতিক
ⓖ আইনগত ⓘ অর্থনৈতিক

৭. চাপ সৃষ্টিকারী গোষ্ঠীর বৈশিষ্ট্য কোনটি?
ⓚ সরকার গঠন
ⓚ রাজনৈতিক চেতনা ও শিক্ষার প্রসার
ⓖ নিয়মতান্ত্রিক উপায়ে ক্ষমতায় আরোহণ
ⓘ সুনির্দিষ্ট লক্ষ্য ও পেশাগত স্বার্থ আদায়

৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ, স্বাধীনতার ঘোষণা এবং অসাধারণ নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়। বঙ্গবন্ধুর নেতৃত্বের গুণকে বলা যাবে—
ⓚ বিশেষজ্ঞসুলভ নেতৃত্ব
ⓚ রাজনৈতিক নেতৃত্ব ⓖ সম্মোহনী নেতৃত্ব
ⓘ একনায়কতান্ত্রিক নেতৃত্ব

৯. সরকারের অঙ্গ কয়টি?
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓘ ৫

১০. ★ সরকারের কোন বিভাগ অধ্যাদেশ জারি করতে পারে?
ⓚ আইন ⓚ শাসন
ⓖ বিচার ⓘ আইন ও বিচার

**নিচের অনুচ্ছেদ পড়ে ১১ নং প্রশ্নের উত্তর দাও:**
'ক' এবং 'খ' রাষ্ট্রের শাসন ব্যবস্থায় রয়েছে মৌলিক পার্থক্য। 'ক' রাষ্ট্রে নিয়মতান্ত্রিক প্রধান হিসাবে রাষ্ট্রপতি বিদ্যমান থাকলেও প্রধান নির্বাহী ক্ষমতার অধিকারী হচ্ছেন প্রধানমন্ত্রী। অন্যদিকে 'খ' রাষ্ট্রে ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি বিদ্যমান এবং প্রধান নির্বাহী ও শাসন বিভাগের প্রধান হিসাবে দায়িত্ব পালন করেন রাষ্ট্রপতি।

১১. 'ক' রাষ্ট্রে কোন ধরনের শাসন ব্যবস্থা প্রচলিত আছে?
ⓚ রাষ্ট্রপতি শাসিত ⓚ যুক্তরাষ্ট্রীয়
ⓖ সংসদীয় পদ্ধতির ⓘ একনায়কতান্ত্রিক

১২. রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থায় রাষ্ট্রপতি শাসন বিভাগের প্রধান হিসেবে কী কী দায়িত্ব পালন করেন?
i. মন্ত্রীদেরকে নিয়োগ দেন
ii. আইনসভার নিকট জবাবদিহিতা করেন
iii. অধ্যাদেশ জারি করেন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৩. ★ নিচের কোনটি যুক্তরাষ্ট্রীয় সরকারের বেশিষ্ট্য?
i. দুষ্পরিবর্তনীয় সংবিধান
ii. বিচার বিভাগের প্রাধান্য
iii. এক কক্ষবিশিষ্ট আইন সভা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

১৪. "একটি নির্দিষ্ট সময়ে জনগণ যে মতামত পোষণ করে, তাই জনমত"— এটি কার উক্তি?
ⓚ অধ্যাপক লাসওয়েল
ⓚ লর্ড ব্রাইস
ⓖ কিম্বল ইয়ং
ⓘ জন স্টুয়ার্ট মিল

Teachingbd24.com

**উদ্দীপকটি পড়ে ১৫নং প্রশ্নের উত্তর দাও:**

জনাব করিম বিচার বিভাগের সর্বোচ্চ পদ থেকে অবসর গ্রহণ করেন। তিনি তার অভিজ্ঞতা ও দক্ষতার আলোকে একটি বই রচনা করেন। তাঁর বইটি থেকে বিচারকগণ বিচারকাজ পরিচালনায় সহায়তা নেন।

**১৫. উদ্দীপকে আইনের কোন উৎসের কথা বলা হয়েছে?**
- ক প্রথা
- খ ন্যায়বোধ
- গ বিজ্ঞানসম্মত আলোচনা
- ঘ সংবিধান

**১৬. আমলাতন্ত্রকে একটি আধুনিক সংগঠন বলা হয়, কারণ আমলাতন্ত্রে—**

i. মেধার ভিত্তিতে নিয়োগ হয়
ii. পেশাদারিত্ব ও নিরপেক্ষতা বিদ্যমান থাকে
iii. সরকারের সাথে সাথে এটিও পরিবর্তনশীল

**নিচের কোনটি সঠিক?**
- ক i ও ii   খ ii ও iii
- গ i ও iii   ঘ i, ii ও iii

**১৭. আধুনিক জাতীয় রাষ্ট্রের জনক কে?**
- ক টমাস হবস   খ নিকোলা ম্যাকিয়াভেলি
- গ জন লক   ঘ জন স্টুয়ার্ট মিল

**১৮. ★ আধুনিক রাষ্ট্র ব্যবস্থার প্রকৃতি কী?**
- ক বিশ্ব রাষ্ট্র   খ নগর রাষ্ট্র
- গ সাম্রাজ্যবাদী রাষ্ট্র   ঘ জাতীয় রাষ্ট্র

**১৯. পৌরনীতি ও সুশাসন অধ্যয়ন নাগরিকদের মধ্যে সৃষ্টি করে—**

i. দেশপ্রেম ও জাতীয়তাবোধ
ii. কর্তব্য ও অধিকার সচেতনতা
iii. অর্থনৈতিক সাম্যের চেতনা

**নিচের কোনটি সঠিক?**
- ক i ও ii   খ ii ও iii
- গ i ও iii   ঘ i, ii ও iii

**২০. প্রাচীন গ্রিসে কী ধরনের রাষ্ট্র ব্যবস্থা বিদ্যমান ছিল?**
- ক যুক্তরাষ্ট্রীয়
- খ সাম্রাজ্যবাদী রাষ্ট্র
- গ নগর রাষ্ট্র
- ঘ জাতীয় রাষ্ট্র

**২১. ★ প্রাচীন গ্রিসের নাগরিকরা কোন বিশেষ রাজনৈতিক অধিকারটি ভোগ করত?**
- ক ভোট প্রদানের অধিকার
- খ রাজনৈতিক দল করার অধিকার
- গ সকলের শাসন কাজে অংশগ্রহণের অধিকার
- ঘ মত প্রকাশের অধিকার

**২২. সুশাসন ধারণাটির উদ্ভাবক হচ্ছে—**
- ক জাতিসংঘের নিরাপত্তা পরিষদ
- খ এশীয় উন্নয়ন ব্যাংক
- গ বিশ্বব্যাংক
- ঘ আন্তর্জাতিক অর্থ তহবিল

**২৩. সর্বপ্রথম কত সালে সুশাসন প্রত্যয়টি ব্যবহার করা হয়?**
- ক ১৯৮৮   খ ১৯৮৯
- গ ১৯৯৮   ঘ ১৯৯৯

**২৪. 'সৎ গুণই জ্ঞানী'— উক্তিটি কে করেছেন?**
- ক সক্রেটিস   খ পেরিক্লেশ
- গ প্লেটো   ঘ এরিস্টটল

**২৫. ★ মূল্যবোধের ক্ষেত্রে কোনটি গুরুত্বপূর্ণ?**
- ক নৈতিকতা   খ জনকল্যাণ
- গ আইন   ঘ সুশাসন

**২৬. স্বাধীনতার রক্ষাকবচ হিসেবে কোনটি সবচেয়ে গুরুত্বপূর্ণ?**
- ক শক্তিশালী রাজনৈতিক দল
- খ সামাজিক গোষ্ঠী
- গ সদা জাগ্রত জনমত
- ঘ অর্থনৈতিক অগ্রগতি

**২৭. E-Governance-এর মূল উদ্দেশ্য কী?**
- ক সুশাসন প্রতিষ্ঠা   খ জনকল্যাণ
- গ দক্ষতা বৃদ্ধি   ঘ গতিশীলতা আনয়ন

**উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:**

মিসেস শেলী অত্যন্ত ভদ্র এবং মার্জিত রুচিবোধ সম্পন্ন মহিলা। প্রতিবেশীদের সাথে তার ভালো সম্পর্ক। বাসার কাজের মেয়েকেও তিনি খুব স্নেহ করেন। পরিবারের অন্যান্য সদস্যদের মত তাকেও একই খাবার খেতে দেন এবং তার সুবিধা অসুবিধার প্রতি খোজ রাখেন।

**২৮. মিসেস শেলীদের পরিবারে কী ধরনের সাম্য বিদ্যমান?**
- ক সামাজিক   খ অর্থনৈতিক
- গ রাজনৈতিক   ঘ আইনগত

**২৯. মিসেস শেলীর আচরণ সমাজে কী ধরনের পরিবর্তন সাধন করবে?**

i. সামাজিক মূল্যবোধ জাগ্রত করবে
ii. মানুষে মানুষে ভেদাভেদ দূর হবে
iii. শোষণহীন সমাজ প্রতিষ্ঠার পথ সুগম হবে

**নিচের কোনটি সঠিক?**
- ক i ও ii   খ i ও iii
- গ i ও iii   ঘ i, ii ও iii

**৩০. নিচের কোনটি অধিকারের বৈশিষ্ট্য?**
- ক অধিকার স্থিতিশীল   খ অধিকার সর্বজনীন
- গ অধিকার অসীম   ঘ অধিকার নিরঙ্কুশ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |

Teachingbd24.com